

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-১
www.lawjusticediv.gov.bd

নং-১০.০০.০০০০.১২৫.২৫.০১২.১৭.৮২৯

তারিখঃ ১৫ কার্তিক ১৪২৪ বঙ্গাব্দ
৩০ অক্টোবর ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয় : ১১২তম সার্ভে ও সেটেলমেন্ট প্রশিক্ষণ কোর্সের তারিখ পরিবর্তন প্রসঙ্গে।

- সূত্র : (১) জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৪/১০/২০১৭ খ্রিঃ তারিখের ০৫.০০.০০০০.২০১.০২৫.০০৭.১৭.৩৪৩ নম্বর পত্র।
(২) আইন ও বিচার বিভাগের ২৩/১০/২০১৭ খ্রিঃ তারিখের ১০.০০.০০০০.১২৫.২৫.০১২.১৭.৮০০ নম্বর পত্র।
(৩) জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১১/১০/২০১৭ খ্রিঃ তারিখের ০৫.০০.০০০০.২০১.২৫.০০৭.১৭.৩৩১ নম্বর পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রসমূহের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, জনপ্রশাসন মন্ত্রণালয়ের সূত্রোক্ত ৩নং পত্রের অনুরোধের প্রেক্ষিতে অত্র শাখার সূত্রোক্ত ২নং স্মারক পত্রমূলে ১১২তম সার্ভে এন্ড সেটেলমেন্ট প্রশিক্ষণ কোর্সে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের মনোনীত ০৮ জন কর্মকর্তাকে আগামী ০১/১১/২০১৭ খ্রিঃ হতে ১৭/১২/২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত ৪৭ (সাতচল্লিশ) দিন মেয়াদে অংশগ্রহণের অনুমতি প্রদান করা হয়।

০২। পরবর্তীতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সূত্রোক্ত ১নং পত্রমূলে ১১২তম সার্ভে এন্ড সেটেলমেন্ট প্রশিক্ষণ কোর্সের তারিখ আগামী ০১/১১/২০১৭ খ্রিঃ হতে ১৭/১২/২০১৭ খ্রিঃ তারিখের পরিবর্তে আগামী ০৭/১১/২০১৭ খ্রিঃ হতে ২৪/১২/২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত পুনঃনির্ধারণ করা হয়।

০৩। তথ্যপ্রেক্ষিতে, বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ১১২তম সার্ভে এন্ড সেটেলমেন্ট প্রশিক্ষণ কোর্সে সূত্রোক্ত ২নং স্মারক পত্রে বর্ণিত বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের কর্মকর্তাগণকে আগামী ০১/১১/২০১৭ খ্রিঃ হতে ১৭/১২/২০১৭ খ্রিঃ তারিখের পরিবর্তে আগামী ০৭/১১/২০১৭ খ্রিঃ হতে ২৪/১২/২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত ৪৭ (সাতচল্লিশ) দিন মেয়াদে অংশগ্রহণের অনুমতি প্রদান করা হলো।

০৪। উপরিবর্ণিত কর্মকর্তাগণকে আগামী ০৬ নভেম্বর ২০১৭ খ্রিঃ তারিখ দুপুর ২:০০ ঘটিকার মধ্যে ঢাকা জেলার সাভার উপজেলাধীন বিপিএটিসির উত্তর দিকে সিএন্ডবি বাসস্ট্যান্ড এর নিকটবর্তী প্রানীসম্পদ বিভাগের অফিসার্স ট্রেনিং ইনস্টিটিউট (ওটিআই) মসজিদ সংলগ্ন মাঠে যৌথ ক্যাম্পে যোগদান করতে হবে। উক্ত তারিখে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ প্রশিক্ষণকালীন সময়ের জন্য নিজ নিজ কর্মস্থল হতে তাত্ক্ষণিক ভাবে অবমুক্ত (stand released) বলে গণ্য হবেন।

০৫। অন্যান্য নির্দেশনাসমূহ অপরিবর্তিত থাকবে।

স্বাঃ
(মোঃ শাহাবুদ্দিন)
সিনিয়র সহকারী সচিব।
ফোন : ৯৫৪৫৪৩১।

নং-১০.০০.০০০০.১২৫.২৫.০১২.১৭.৮২৯/১(১৫)

তারিখঃ ১৫ কার্তিক ১৪২৪ বঙ্গাব্দ
৩০ অক্টোবর ২০১৭ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃ আঃ সিনিয়র সহকারী সচিব, অভ্যন্তরীণ প্রশিক্ষণ-২ শাখা)
- ২। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ৩। জেলা জজ,
- ৪। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ৫। চেয়ারম্যান, ২য় কোর্ট অব সেটেলমেন্ট, সেগুনবাগিচা, ঢাকা।
- ৬। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, লক্ষ্মীপুর।
- ৭। সিনিয়র সহকারী সচিব, বিচার শাখা-৩/বাজেট, আইন ও বিচার বিভাগ।
- ৮। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৯। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, সিজিএ ভবন, কক্ষ নং ৫০৩, ৫ম তলা, সেগুনবাগিচা, ঢাকা।
- ১০। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ১১। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,
- ১২। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৩। গার্ড ফাইল।
- ১৪। অফিস কপি।
- ১৫। জনাব/বেগম

স্বাঃ
(মোঃ শাহাবুদ্দিন)
সিনিয়র সহকারী সচিব।